অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল প্রতিযোগিতার নবম রাউণ্ড উদ্বোধন করেন

10টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (Regional Economic Development Council, REDC) অঞ্চলে রাউণ্ড IX 750 মিলিয়ন ডলারের বেশি পুরস্কার প্রদান করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগের রাউণ্ড IX উদ্বোধন করেন, যার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে 2019-এর প্রতিযোগিতায় স্টেটের অর্থনৈতিক উন্নয়ন সংস্থানে 750 মিলিয়নেরও অধিক পুরস্কারের প্রতিযোগিতা শুরু হয়। মে মাসের 1 তারিখ থেকে আবেদনকারীদের জন্য কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন উন্মুক্ত হবে, যা ব্যবসা প্রতিষ্ঠান, মিউনিসিপ্যালিটি, অলাভজনক প্রতিষ্ঠান ও জনসাধারণকে একটি আবেদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও কমিউনিটি উন্নয়ন প্রকল্পসমূহের জন্য কয়েক ডজন স্টেট-চালিত কর্মসূচি থেকে সহায়তা পেতে সক্ষম করবে।

"রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল প্রক্রিয়াটি আমাদের কমিউনিটিতে রূপান্তরমূলক বিনিয়োগ ত্বরান্বিত করেছে এবং স্টেটব্যাপী স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করেছে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা যখন এই উদ্দীপনাপূর্ণ প্রতিযোগিতার নবম রাউন্ডে প্রবেশ করছি তখন আমরা আঞ্চলিক অংশীদারিত্ব উৎসাহিত করতে এবং কয়েক দশক ধরে এই অর্থনৈতিক পদ্ধতিসমূহ সক্রিয় রাখার জন্য কৌশলগত বিনিয়োগ করতে এই সার্বিক উদ্যোগের প্রতি বরাবরের মতই অঙ্গীকারবদ্ধ।"

"পরিকল্পনা শনাক্ত করতে এবং স্টেট জুড়ে কমিউনিটি গড়ে তুলতে রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল স্থানীয় নের্তৃবৃন্দ ও স্টেকহোল্ডারদেরকে একত্রিত করেছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, সমগ্র স্টেটের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের চেয়ারম্যান, বলেন।** "নিউ ইয়র্ক REDC এর একটি অংশ হিসেবে 10টি অঞ্চলে অসাধারণ উন্নতি প্রত্যক্ষ করেছে। আমাদের নিজস্ব অর্থনৈতিক উন্নয়ন প্রতিযোগিতার আরেকটি রাউন্ডের মাধ্যমে আমরা সম্পদ বিনিয়োগ ও ঊর্ধ্বমুখী প্রেরণা সৃষ্টি অব্যাহত রাখছি।"

REDC প্রক্রিয়াটি স্টেটের অর্থনৈতিক উন্নয়নের পদ্ধতিকে উন্নতকরণ, ঊর্ধ্বমুখী আঞ্চলিক কৌশল প্রণয়ন, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং স্টেটের তহবিল আবেদন প্রক্রিয়ার উন্নয়ন অব্যাহত রাখে। REDC প্রতিযোগিতা আটটি রাউন্ডের সমাপনান্তে প্রতিটি অঞ্চলের কৌশলগত পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ 7,300 এরও বেশি কর্মসংস্থান এবং কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প সৃষ্টির জন্য 6.1 বিলিয়ন

মার্কিন ডলারের বেশি পুরস্কার প্রদান করা হয়েছে, যা আনুমানিকভাবে পুরো স্টেট জুড়ে একসাথে 230,000 এর অধিক কর্মসংস্থান তৈরি ও বজায় রাখবে।

REDC প্রতিযোগিতার আটটি রাউন্ডের মাধ্যমে:

- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক REDC 781টি প্রকল্পের জন্য 553.2 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে;
- ফিঙ্গার লেক 856টি প্রকল্পের জন্য REDC 656.6 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে;
- 655টি প্রকল্পের জন্য সাউদার্ন টিয়ার REDC 613.3 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে;
- সেন্ট্রাল নিউইয়র্ক REDC র 708টি প্রকল্পের জন্য 703.6 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে;
- মোহক উপত্যকা REDC 640টি প্রকল্পের জন্য 615 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে;
- নর্থ কান্ট্রি REDC 607 প্রকল্পের জন্য 614.3 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে;
- ক্যাপিটাল অঞ্চল REDC এর 813টি প্রকল্পে 588.9 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে;
- মিড-হাডসন REDC 809টি প্রকল্পের জন্য 647.8 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে;
- নিউইয়র্ক সিটি REDC 710 প্রকল্পের জন্য 549.6 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে; এবং
- লং আইল্যান্ডের REDC 791টি প্রকল্পের জন্য 639.1 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে।

রাউন্ড IX এ প্রধান মূলধন ও ট্যাক্স-ক্রেডিট তহবিল অন্তর্ভুক্ত রয়েছে যার সাথে বিদ্যমান এজেন্সির বিভিন্ন ধরনের কর্মসূচিসমূহ যুক্ত হয়ে প্রদত্ত অর্থের পরিমাণ মোট প্রায় 750 মিলিয়ন মার্কিন ডলারে পরিণত করবে। উচ্চমানের আঞ্চলিক অগ্রাধিকারপূর্ণ পরিকল্পনাসমূহকে অর্থায়ন করতে তহবিল ও ট্যাক্স ক্রেডিট মিলিয়ে প্রধান তহবিলে 225 মিলিয়ন অন্তর্ভুক্ত রয়েছে। বাজেটটি স্টেট এজেন্সিসমূহের নিকট থেকে 525 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সম্পদ সংগ্রহ করবে যা CFA প্রক্রিয়ার মাধ্যমে বর্তমান REDC পরিকল্পনাসমূহের সাথে সঙ্গতি বজায় রেখে কমিউনিটি পুনরুজ্জীবিতকরণ ও ব্যবসায়িক প্রবৃদ্ধিতে সহায়তা করার জন্য প্রস্তুত রাখা হবে।

2019 সালে আঞ্চলিক কাউন্সিলের অগ্রাধিকারসমূহের মধ্যে রয়েছে:

- প্লেসমেকিং এবং ডাউনটাউন পুনরুদ্ধারে কমিউনিটি বিনিয়োগকে সমর্থন প্রদান করা;
- ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভকে সমর্থন প্রদান করা;
- শিশুসেবা চাহিদা শনাক্তকরণ ও সম্ভাব্য সমাধান তৈরিতে স্থানীয় ব্যবসা ও কমিউনিটিসমূহের সাথে কাজ করা;
- এই অঞ্চলের জন্য একটি অর্থনৈতিক ও পরিবেশ বিষয়ক ন্যায়সঙ্গত কৌশল প্রণয়ন করা; এবং
- কৌশলগত অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা এবং কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন (CFA) দ্বারা অর্থায়নকৃত প্রকল্পসমূহের অগ্রগতি অনুসরণ করা।

কৌশলগত পরিকল্পনা বাস্তবায়নে প্রণোদনার মাধ্যমে আঞ্চলিক লক্ষ্য অর্জনের জন্য আঞ্চলিক কাউন্সিল, ব্যবসা, শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় সরকার, অলাভজনক প্রতিষ্ঠান এবং অন্যান্য স্টেকহোল্ডারদেরকে একত্রে কাজ করার জন্য আরও অনুপ্রাণিত করা হয়। 2019 সালের CFA এর মাধ্যমে 10টি আঞ্চলিক কাউন্সিলকে প্রকল্প তহবিল প্রদানের পাশাপাশি এই প্রতিযোগিতাটি সাফল্যের সাথে কৌশল বাস্তবায়নে আঞ্চলিক কাউন্সিলের বিগত কর্মক্ষমতা ও কাজের উপরও গুরুত্বারোপ করবে। অর্থনৈতিক অগ্রগতি অর্জনের জন্য REDC এবং কমিউনিটির প্রতিনিধিদের মধ্যে অকৃত্রিম সহযোগিতা উৎসাহিত করা গুরুত্বপূর্ণ।

2019 রাউন্ড IX এওয়ার্ডস

2019 সালে আঞ্চলিক কাউন্সিলসমূহ তাদের অঞ্চলের জন্য অগ্রাধিকার হিসাবে চিহ্নিত প্রকল্পসমূহের জন্য 150 মিলিয়ন পর্যন্ত মূলধন তহবিল এবং 75 মিলিয়নের এক্সলেসিয়র ট্যাক্স ক্রেডিটের জন্য প্রতিদ্বন্দ্বীতা করবেন। একজন শীর্ষস্থানীয় কর্মসম্পাদনকারী উপাধি অর্জনের জন্য এ বছর দশটি অঞ্চল প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। পাঁচটি শীর্ষ কর্মসম্পাদনকারী অঞ্চলকে এমপায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) মূলধন তহবিলে 100 মিলিয়ন ডলারের একটি অংশ প্রদান করা হবে। বাকি পাঁচটি অঞ্চলকে ESD মূলধন তহবিলে 50 মিলিয়ন ডলারের একটি অংশ প্রদান করা হবে। পাশাপাশি, সমগ্র অঞ্চলে ব্যবসায়ে আকৃষ্ট করা ও প্রবৃদ্ধি অর্জনে সহায়তার জন্য প্রত্যেক অঞ্চলকে এক্সলেসিয়র ট্যাক্স ক্রেডিটে 75 মিলিয়ন ডলারের একটি অংশ প্রদান করা হবে।

সেই সাথে, ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Downtown Revitalization Initiative) মাধ্যমে শনাক্তকৃত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রতিটি অঞ্চলকে 10 মিলিয়ন ডলার প্রদান করা হবে এবং 10টি অঞ্চল থেকে CFA এর মাধ্যমে জমাকৃত প্রকল্পসমূহ অন্যান্য স্টেট এজেন্সি তহবিল থেকে 525 মিলিয়ন ডলারের অধিক তহবিল পাওয়ার যোগ্যতা অর্জন করবে।

2019 সালের REDC গাইডবুক ও উপলভ্য রিসোর্সসমূহ http://www.regionalcouncils.ny.gov/ ওয়েবসাইটে পাওয়া যাবে। মে মাসের 1 তারিখ থেকে আবেদনকারীদের জন্য CFA উন্মুক্ত হবে এবং শুক্রবার, 26 জুলাই বিকাল 4 টা পর্যন্ত আবেদন করা যাবে https://apps.cio.ny.gov/apps/cfa/।

কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন পরিচিতি

স্টেটের অর্থনৈতিক উন্নয়নের মডেল উন্নত করতে গভর্নর কুওমোর প্রচেষ্টার একটি অংশ হিসেবে অনুদানের আবেদনের প্রক্রিয়াকে গতিময় এবং ত্বরান্বিত করার জন্য কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন (CFA) তৈরি করা হয়েছিল। স্টেটের সম্পদসমূহ যে পন্থায় বরাদ্দ করা আছে সেই পন্থায় এই CFA পদ্ধতি একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন চিহ্নিত করে, যা স্থানীয় অর্থনৈতিক উন্নতির চাহিদা পূরণে আমলাতন্ত্র হ্রাস এবং দক্ষতাকে আরও বেশি নিশ্চিত করে। এই CFA অর্থনৈতিক উন্নয়ন তহবিলে স্বতন্ত্র প্রবেশপথ হিসেবে কাজ করবে, যার কারণে সমন্বয়ের জন্য কোন প্রক্রিয়া ছাড়াই আবেদনকারীকে ধীরে ধীরে একাধিক সংস্থা এবং উৎসের মধ্য দিয়ে যেতে হবে না। একটি আবেদনের মাধ্যমে একাধিক স্টেট তহবিল উৎসে প্রবেশের জন্য অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পগুলো একটি

সহায়ক পদ্ধতি হিসেবে CFA কে ব্যবহার করে, যা প্রক্রিয়াকে দ্রুততর, তুলনামূলক সহজ এবং আরো ফলপ্রসূ করে তুলে। CFA সুবিধা পেতে, অনুগ্রহ করে https://apps.cio.ny.gov/apps/cfa/ ভিজিট করুন।

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Regional Economic Development Councils, REDCs) বিষয়ে

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (REDC) উদ্যোগ প্রাদেশিক বিনিয়োগ এবং অর্থনৈতিক উন্নয়নে গভর্নর কুওমোর দৃষ্টিভঙ্গির একটি মূল উপাদান। 2011 সালে, গভর্নর কুওমো তাদের অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা বিকাশের জন্য 10 আঞ্চলিক পরিষদ প্রতিষ্ঠা করেছিলেন। কাউন্সিলগুলি স্থানীয় বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডারদের ব্যবসা, একাডেমী, স্থানীয় সরকার এবং বেসরকারি সংস্থাগুলির দ্বারা গঠিত ব্যক্তিগত অংশীদারিত্ব। আঞ্চলিক কাউন্সিলগুলি একটি গোষ্ঠী ভিত্তিক, সর্বনিম্ন পদ্ধতির অবস্থান এবং রাষ্ট্রীয় সম্পদগুলির জন্য প্রতিযোগিতামূলক প্রক্রিয়া স্থাপন করে নিউ ইয়র্কের চাকরি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির পথে বিনিয়োগের পথকে পুনরায় সংজ্ঞায়িত করেছে। আঞ্চলিক পরিষদের আরও তথ্যের জন্য, http://www.regionalcouncils.ny.gov/ দেখুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন